



মানিকগঞ্জে বাউল শিল্পীর ওপর হামলার ঘটনায় এনসিপির নিন্দা



সংগৃহীত ছবি

মানিকগঞ্জে বাউল শিল্পী আবুল সরকারকে ঘিরে সাম্প্রতিক উত্তেজনা এবং তার সমর্থকদের ওপর হামলা—ধাওয়া—ভীতি প্রদর্শনের ঘটনার প্রতি গভীর উদ্বেগ জানিয়ে কঠোর নিন্দা জানিয়েছে জাতীয় নাগরিক পার্টি (এনসিপি) ধর্ম ও সম্প্রীতি সেল। সোমবার (২৩ নভেম্বর) এক বিবৃতিতে দলটি বলে, যে মতপার্থক্যই থাকুক, সহিংসতা কোনোভাবেই গ্রহণযোগ্য নয়।

বিবৃতিতে উল্লেখ করা হয়, বাংলাদেশের সাংস্কৃতিক ধারায় বাউল, ফকির, সুফি ও তাসাওফপন্থী গোষ্ঠীর অবদান সুপ্রাচীন। এই বৈচিত্র্য রক্ষা করা মানেই দেশের মানবিক রাষ্ট্রভাবনা ও সম্প্রীতির ঐতিহ্যকে ধরে রাখা। বিভিন্ন মত, ব্যাখ্যা বা রীতির পার্থক্য থাকা স্বাভাবিক; তবে এসব প্রশ্নের সমাধান কখনো সংঘাত বা প্রতিশোধের পথে হতে পারে না।

এনসিপি আরও জানায়, এদেশের আলেম সমাজ যুগ যুগ ধরে শান্তিপূর্ণ দাওয়াত, প্রজ্ঞা ও সংঘর্ষের মাধ্যমে দ্বীনের শিক্ষা প্রচার করে আসছেন—এটাই দেশের প্রকৃত ঐতিহ্য। তাই কোনো গোষ্ঠীর ওপর হামলা, আতঙ্ক সৃষ্টি বা আইনহীন আচরণ ইসলামের মূল্যবোধ ও সামাজিক ন্যায়ের সাথে সঙ্গতিপূর্ণ নয়। ভুল বোঝাবুঝি বা উত্তেজনার সময়ে দায়িত্বশীল আলেমরাই মানুষকে শান্তি, সহনশীলতা ও আইনের প্রতি শ্রদ্ধার পথে পরিচালিত করে থাকেন।

বিবৃতিতে বলা হয়, সংলাপ, যুক্তি ও শান্তিপূর্ণ উপায়ে মতের বিভেদ সমাধান করাই ধর্মীয় ও সামাজিক দায়িত্ব, এবং আজ তা আরও দৃঢ়ভাবে প্রতিষ্ঠা করা প্রয়োজন।

এ সময়ে ঘটনাটি তদন্ত, দায়ীদের বিরুদ্ধে আইনগত ব্যবস্থা এবং এলাকায় সম্প্রীতি পুনঃস্থাপনে প্রয়োজনীয় পদক্ষেপ নেওয়ার দাবি জানায় এনসিপি।